Cl-IX / Bengali

Practice test- Case Study (F.M-14)

১। নিচের অনুচ্ছেদ পড়ে সঠিক উত্তর দাও। (প্রশ্ন 1-4, 6 -এর মান ১, প্রশ্ন 5-এর মান ২)

আজ বিধুশেখরের কলকব্জা খুলে ওকে ভালো করে পরীক্ষা করেও ওর আওয়াজ করার কোনো কারণ খুঁজে পেলাম না। তবে এও ভেবে দেখলাম যে এতে আশ্চর্য হবার কিছু নেই। আমি আগেও অনেকবার দেখেছি যে আমার বৈজ্ঞানিক বিদ্যেবুদ্ধি দিয়ে আমি যে জিনিস তৈরি করি, সেগুলো অনেক সময়েই আমার হিসেবের বেশি কাজ করে। তাতে এক সময় মনে হয়েছে যে হয়তো বা কোনো অদৃশ্য শক্তি আমার অজ্ঞাতে আমার ওপর খোদকারি করছে। কিন্তু সত্যি কি তাই? বরঞ্চ আমার মনে হয় যে আমার ক্ষমতার দৌড় যে ঠিক কতখানি তা হয়তো আমি নিজেই বুঝতে পারি না। খুব বড়ো বড়ো বৈজ্ঞানিকদের শুনেছি এ রকম হয়।

1. বক্তা কার কলকব্জা খুলে ভালো করে পরীক্ষা করেন?
A. মধুশেখরের/ B.পল্টুশেখরের/
C.বিধুশেখরের/ D. ননীশেখরের

2. কে বক্তার ওপর খোদকারি করছে?
A.অদৃশ্য শক্তি/ B.ভগবান/
C. বক্তা নিজে/ D. বিধুশেখরাজ

3.মন্তব্য:- বক্তার ক্ষমতার দৌড় যে ঠিক কতখানি তা হয়তো তিনি নিজেই বুঝতে পারেন না।
কারণ (i): খুব বড়ো বড়ো বৈজ্ঞানিকদের এমনটা হয়। কারণ (ii) : বক্তা ইহ জগতের মানুষ নন।

A. কারণ (i) ঠিক কিন্তু কারণ (ii) ভুল
B. কারণ (i) ভুল কিন্তু কারণ (ii) ঠিক
C.কারণ (i) ও কারণ (ii) দুটিই ঠিক
D. কারণ (i) ও কারণ (ii) দুটিই ভুল

4. এতে আশ্চর্য হবার কিছু নেই- কীসে?
A.নিজের ক্ষমতার দৌড় বুঝতে না পারায়।
B. কলকব্জা পরীক্ষা করতে পারায়।
C. বিধুশেখরের আওয়াজের কারণ বুঝতে না পারায়।
D. কোনোটিই সঠিক নয়।

5. খুব বড়ো বড়ো বৈজ্ঞানিকদের শুনেছি এ রকম হয়।- কী, কেন হয়?

6. 'পরীক্ষা' সন্ধি বিচ্ছেদ করলে হয়-
A.পরি+ঈক্ষা/ B.পরি+ইক্ষা/ C.পরি+ক্ষা/ D.পর+ইক্ষা

২। নিচের অনুচ্ছেদ পড়ে সঠিক উত্তর দাও। (প্রশ্ন 1-5 এর মান ১, প্রশ্ন 6 -এর মান ২)
একই পরিমাণ চাল সিদ্ধ করলে দেখা যাবে, নতুন চালের চেয়ে পুরোনো চালে ভাতের পরিমাণ বেশি হচ্ছে। আমাদের প্রতিদিনের অভিজ্ঞতা থেকেই এ কথা আমরা জানতে পারি। এজন্যই লোকের মুখে মুখে চলে এসেছে কথাটি। কী? না, "পুরোনো চাল ভাতে বাড়ে।" আসলে ব্যবহারিক জীবনের থেকে তুলে নেওয়া এই বাক্যটি একটি প্রবাদ। এই প্রবাদের দ্বারা বলতে চাওয়া হয়েছে যে, প্রবীণ বা বয়স্ক মানুষদের অভিজ্ঞতা বেশি, তাই তাঁরা যা বলেন তাঁর মূল্যও অনেক বেশি। তাঁদের এই অভিজ্ঞতাকে সম্মান দেওয়া আমাদের কর্তব্য। এই শিক্ষাই এই প্রবাদে দেওয়া হয়েছে।

1.কোন্ চালে ভাতের পরিমাণ বেশি?
A.নতুন/ B.পুরোনো /C.লম্বা /D.সরু

2. প্রচলিত সঠিক প্রবাদ/বাগধারা হল-
A.পনেরো মাসে বছর/ B.তেল জল খেয়ে লাগা/
C. তেলে কাঁচকলায় জ্বলে ওঠা/D. সাপে-নেউলে সম্পর্ক

3. মন্তব্য:-প্রবীণ বা বয়স্ক মানুষদের অভিজ্ঞতাকে সম্মান দেওয়া আমাদের কর্তব্য।
কারণ- তাঁরা যে কথা বলেন, তাঁর মূল্যও অনেক বেশি।

A.মন্তব্য ও কারণ উভয়ই সঠিক/ B.মন্তব্য ঠিক কারণ ভুল/ C.মন্তব্য ভুল কারণ ঠিক/ D.মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

4. এই অনুচ্ছেদের মূল কথা-
A.অভিজ্ঞতা মূল্যবান/ B.পুরোনো চাল লাভজনক/
C.প্রবাদ সততই সত্য/ D.সবকটিই সঠিক।

5. রচনার প্রবাদটির বাস্তবতা কীভাবে প্রমাণ করবে?

6. নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো-
ক) এ কথা আমরা জানতে পারি। (প্রশ্নবোধক)
খ) তাঁদের এই অভিজ্ঞতাকে সম্মান দেওয়া আমাদের কর্তব্য। (অনুজ্ঞাবাচক)